



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩৬

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮

২৫ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিবন্ধন কার্ডের অনুলিপির লিংক সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোবাইল ফোনে প্রেরণ ও যাচাইপূর্বক সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য যাচাইয়ের জন্য নিবন্ধন কার্ডের লিংক সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোবাইল ফোনে ০১-০৮-২০২১ খ্রি. তারিখে প্রেরণ করা হবে।

নিবন্ধিত বিষয়সমূহ, ছবি বা অন্য কোনো তথ্যে গরমিল পরিলক্ষিত হলে শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজকে মোবাইল ফোন বা মেইলে অবহিত করবে। কলেজ প্রাপ্ত তথ্য তার ভর্তি ফরম, নিবন্ধনের প্রিন্টআউট তালিকা এবং বিষয়/শাখা পরিবর্তনের তথ্যের সাথে মিলিয়ে যাচাই করে প্রাপ্ত তথ্য সঠিক বলে প্রতীয়মান হলে তা সংশোধনের লক্ষ্যে ০৮-০৮-২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ই-অফিস ম্যানেজমেন্ট লিংকে "উচ্চমাধ্যমিক : খসড়া নিবন্ধন কার্ডের সংশোধন বিষয়ে তথ্য প্রেরণ" শিরোনামের আবেদনে তথ্য প্রেরণ করবেন। আবেদনের সাথে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অগ্রায়ন পত্র এবং ভর্তি ফরম, নিবন্ধনের প্রিন্টআউট তালিকা ও বিষয়/শাখা পরিবর্তনের তথ্যের পিডিএফ কপি প্রমাণক হিসেবে আপলোড করবেন। তবে কোনো ক্রমেই বিষয় পরিবর্তন বা চতুর্থ বিষয় পরিবর্তন করা যাবে না।

বি. দ্র. : ১। নিবন্ধনের তথ্য যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের কোনোভাবেই প্রতিষ্ঠানে আনা যাবে না।

২৫-৭-২০২১

কে এম রক্বানী
কলেজ পরিদর্শক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-কলেজ পরিদর্শক, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর